# পিসির ঝুটঝামেলা

**ট্রাবলশুটার টিম**

**সমস্যা :** আমি বিজয় বায়ান্নো ২০১২ ব্যবহার করি। মজিলা ফায়ারফক্সে বাংলা লেখাগুলো এলোমেলো দেখা যায়। বিশেষ করে যুক্তাক্ষরগুলো ভেঙে যায়। কীভাবে সঠিকভাবে বাংলা লেখা দেখতে পারব, তা জানাবেন। উল্লেখ্য, আমি উইন্ডোজ সেভেন ব্যবহার করি। এ সমস্যার সমাধান দ্রুত জানালে কৃতজ্ঞ থাকব।

–**মো: মোস্তাক মেহেদী**, কুষ্টিয়া

**সমাধান :** মজিলা ফায়ারফক্সে বাংলা ফন্ট সঠিকভাবে না আসা বা যুক্তাক্ষরগুলো ভেঙে যাওয়ার এ সমস্যায় অনেকেই পড়েছেন এবং এর সমাধান জানতে চেয়েছেন। গুগল ক্রোমে বাংলা লেখা দেখা নিয়ে তেমন একটা সমস্যায় পড়তে হয় না, কিন্তু ফায়ারফক্সের ক্ষেত্রে পড়তে হয়। অনেক সময় সঠিক ফন্ট ইনস্টল করা না থাকলে ফায়ারফক্সে বাংলা লেখা পড়া যায় না। আবার অনেক সময় দেখা যায় ফন্ট ইনস্টল করা থাকলেও বাংলা লেখা এমনভাবে দেখাচ্ছে, যা পড়া বেশ মুশকিল। ফায়ারফক্সের ক্ষেত্রে এ সমস্যার সমাধানের জন্য ব্রাউজারের মেনু বার থেকে Tools-এর Options-এ ক্লিক করুন। এরপর যে উইন্ডো আসবে তার Content ট্যাবে ক্লিক করুন। এখান থেকে ডিফল্ট ফন্ট হিসেবে SolaimanLipi সিলেক্ট করে Ok করুন। সোলাইমানলিপি ফন্ট যদি আপনার সিস্টেমে না থাকে, তবে তা ওমাইক্রনল্যাবের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে ইনস্টল করে নিলে আপনার পিসিতে বাংলা লেখা সঠিকভাবে দেখা যাবে।

**সমস্যা :** আমার এইচপি প্যাভিলিয়ন ডিভি৬ ল্যাপটপটি ২০১০ সালে কেনা। ল্যাপটপের কনফিগারেশন হচ্ছে ইন্টেল কোর টু ডুয়ো প্রসেসর, এনভিডিয়া জিফোর্স ৯২০০এম জিএস গ্রাফিক্স কার্ড এবং ৪ গিগাবাইট র‌্যাম। আমি ল্যাপটপটিতে অপারেটিং সিস্টেম হিসেবে উইন্ডোজ সেভেন ব্যবহার করি। একবার উইন্ডোজ ৮ ইনস্টল করার পর আমার ল্যাপটপে বেশকিছু সমস্যা হয়েছিল, যার সবগুলো আমি সঠিকভাবে আপাতত বলতে পারছি না। আমি জানতে চাচ্ছি, আমার ল্যাপটপের কনফিগারেশন কি উইন্ডোজ ৮ সাপোর্ট করে না? আর করলেও কীভাবে ইনস্টল করলে আমাকে আর কোনো সমস্যার সম্মুখীন হতে হবে না? আমার ইনস্টলেশন প্রসেসে কি কোন ত্রুটি ছিল? আশা করছি সমস্যার সমাধান পাব।

–**উৎসব ঘোষ**

**সমাধান :** ল্যাপটপের কনফিগারেশন অনুযায়ী উইন্ডোজ ৮ সাপোর্ট করবে ঠিকই। কিন্তু সমস্যা হচ্ছে ল্যাপটপ পুরনো বলে ড্রাইভারগুলো উইন্ডোজ ৮ সাপোর্টেড নয়। এইচপির ওয়েবসাইটের এই মডেল দিয়ে সার্চ করে দেখলাম এর জন্য উইন্ডোজ ৮ সাপোর্টেড কোনো ড্রাইভার নেই। উইন্ডোজ ৭ ৩২ ও ৬৪ বিট ভার্সনের জন্য ড্রাইভার দেয়া আছে। তাই আপনি উইডোজ ৮-এর পরিবর্তে উইন্ডোজ ৭ ৬৪ বিট ব্যবহার করুন এবং http://adf.ly/pl1Ap এই লিঙ্ক থেকে ৬৪ বিট অপারেটিং সিস্টেমের জন্য ড্রাইভার ডাউনলোড করে নিন।

**সমস্যা :** আমার পিসির কনফিগারেশন হচ্ছে ইন্টেল কোর আই থ্রি প্রসেসর এবং ৪ গিগাবাইট র‌্যাম। আমার পিসিতে বর্তমানে উইন্ডোজ সার্ভার ২০০৩ ইনস্টল করা আছে। আমি এখন উইন্ডোজ ৭ ইনস্টল করতে চাই। এজন্য আমার কি উইন্ডোজ সার্ভার ২০০৩ আনইনস্টল করে নতুনভাবে উইন্ডোজ ৭ ইনস্টল করতে হবে? নাকি দুটি উইন্ডোজই একসাথে পাশপাশি চালাতে পারব? যদি এভাবে চালানো সম্ভব হয়, তবে কীভাবে করব? অরিজিনাল উইন্ডোজ ৭-এর ডিস্ক কোথায় পাওয়া যাবে? পরামর্শ দিলে উপকৃত হব।

–**মোস্তাফিজুর রহমান**, ঢাকা

**সমাধান :** ডুয়াল অপারেটিং সিস্টেম পদ্ধতিতে দুটি উইন্ডোজ বা অন্য যেকোনো অপারেটিং সিস্টেম পাশাপাশি ব্যবহার করতে পারবেন। শুধু দুটিই নয়, একসাথে অনেকগুলো অপারেটিং সিস্টেম ব্যবহার করা যায়। একই হার্ডডিস্ক ড্রাইভ ব্যবহার করে অথবা আলাদা পার্টিশনে আলাদা অপারেটিং সিস্টেম ইনস্টল করতে হবে। তবে আলাদা পার্টিশনে ডুয়াল বুটিং সিস্টেমে অপারেটিং সিস্টেম চালানো ভালো। এ পদ্ধতিতে উইন্ডোজ সার্ভারের পাশাপাশি উইন্ডোজ সেভেন ইনস্টল করতে পারবেন। ডুয়াল বুটিং করার ব্যাপারে সাহায্যে পেতে কমপিউটার জগৎ-এর ওয়েবসাইটে সার্চ করুন। এ ব্যাপারে কমপিউটার জগৎ-এ বেশ কয়েকটি লেখা ছাপানো হয়েছে। গুগলে সার্চ করেও ডুয়াল বুটিং সিস্টেম সম্পর্কে জানতে পারবেন। আগারগাঁওয়ের বিসিএস কমপিউটার সিটিতে খোঁজ করলেই উইন্ডোজ ৭-এর অরিজিনাল ডিস্ক পাবেন। উইন্ডোজ ৭-এর দাম পড়বে ১২ হাজার ৫০০ টাকার মতো এবং অফিস সুটের দাম পড়বে ৮ হাজার ৫০০ টাকার মতো। যেহেতু আপনার পিসির র‌্যাম ৪ গিগাবাইট, তাই উইন্ডোজ ৭ ৬৪ বিট কিনতে হবে। তা না হলে র‌্যামের ফুল পারফরম্যান্স পাবেন না।

**সমস্যা :** আমার মোবাইল সেটের মডেলটি হচ্ছে নকিয়া এন৮। সেটটি প্রায় দুই বছর আগে কেনা। এতদিন বেশ ভালোই চলছিল। কিন্তু কিছুদিন ধরে সেটটি বেশ স্লো হয়ে গেছে এবং মাঝে মাঝে হ্যাং করে। এটা কি কোনো ভাইরাসের ফলে হচ্ছে, নাকি সেটের সমস্যা? এ সমস্যা সমাধান করার জন্য কি করতে হবে?

–**রফিক**, গাজীপুর

**সমাধান :** নকিয়ার সিমবিয়ান অপারেটিং সিস্টেমে চালিত মোবাইলগুলোর একটি সাধারণ সমস্যা হচ্ছে ব্যবহারের সাথে সাথে এর গতি ধীর হওয়া ও হ্যাং করা। অনেক সময় দেখা যায় মিউজিক বা ভিডিও প্লে করার সময় আটকে যায়। আবার অনেক সময় স্টার্টআপে এসে আর এগোয় না, সেট বন্ধ হয়ে যায়। এ ধরনের সমস্যা সমাধানের জন্য সেটের মেমরি কার্ডটির ব্যাকআপ নিয়ে তা ফরম্যাট করে নিন। তারপর সেটটি রিস্টোর বা ফ্যাক্টরি রিসেট করুন। যদি এতে কাজ না হয়, তবে *#৭৭৮০# লিখে ডায়াল করুন। তারপরও যদি কাজ না হয়, তবে *৩ ও সেন্ড বাটন (তিনটি বাটন) একসাথে চেপে ধরে রাখুন। সেটটি রিস্টার্ট করবে। কিন্তু বাটনগুলো ধরে রাখবেন যতক্ষণ পর্যন্ত না সেটটি পুরোপুরি চালু হচ্ছে। আশা করা যায় তখন আপনার সেটে আর এ সমস্যা থাকবে না কজ

***ফিডব্যাক :*** *jhutjhamela24@gmail.com*

## হারিয়ে যাওয়া পাসওয়ার্ড খুব সহজেই উদ্ধার করা

**জেনে নিন**

একজন ব্যবহারকারী অনেক সাইটেই রেজিস্ট্রেশন করে থাকতে পারেন। কিন্তু যদি ওই সময় আইডি এবং পাসওয়ার্ড কোথাও সংরক্ষণ করে না রাখা হয়, তাহলে পরবর্তী সময়ে তা ভুলে যাওয়ার সম্ভাবনা অনেক বেশি। এর ফলে সাইটে লগইন করা সম্ভব হয় না। ফায়ারফক্সের মাধ্যমে হারানো পাসওয়ার্ড খুঁজে পাওয়া সম্ভব। ফায়ারফক্স ব্যবহারকারীরা খুব সহজেই ফিরে পাবেন আইডি ও পাসওয়ার্ড। কীভাবে পাসওয়ার্ড ফিরে পাওয়া যায়, তা নিচে দেখানো হয়েছে।

প্রথমে মজিলা ফায়ারফক্সের টুলসে ক্লিক করুন। এরপর অপশনে ক্লিক করুন। এরপর বেশ কিছু ট্যাব ওপেন হবে। এখান থেকে সিকিউরিটি ট্যাবে ক্লিক করুন। এরপর নিচের দিকে থাকা সেভ পাসওয়ার্ডে ক্লিক করুন। পাসওয়ার্ড দেখতে শো পাসওয়ার্ডে ক্লিক করুন। এবার Are you sure you wish to show your password? এই লেখাটি এলে ইয়েসে ক্লিক করুন। এরপর ফায়ারফক্স আপনার বিভিন্ন সাইটের সব সেভ করা পাসওয়ার্ড প্রদর্শন করবে।